

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০  
e-mail: dmss@dgfood.gov.bd  
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.১৬.৭১৯(২)

তারিখঃ ১০/১০/২০১৭ খ্রিঃ

বিষয় : সড়ক পথে ৫০০০ মেঃটন গম চলাচল সূচি।

সূত্র : প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল এর ১৯/০৯/২০১৭ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৫২.৫৯.০১৫.১৭.৭১৬

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি আধুনিক ময়দা মিল পরিচালন নীতিমালা-২০১৫ অনুযায়ী ঢাকা মহানগর ও তেজগাঁও সার্কেলের চাহিদায় ও.এম. এস খাতে আটা প্রস্তুত করার জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ সাইলো হতে সড়ক পথে ওএমএস খাতে আটা বিক্রয়ের জন্য ৫০০০ মেঃটন গমের চলাচল সূচি নিম্নরূপভাবে জারি করা হলো :

ক্রঃনং	প্রেরক	প্রাপক	পরিমাণ মেঃটন	পণ্য	মাধ্যম	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ সাইলো	পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল পোস্তগোলা, ঢাকা।	৫০০০	গম	সড়ক	আখানি ঢাকা পরিবহন করাবেন।
		মোট =	৫০০০			

পরিবহনের ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলী :

- ১। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানিগণ প্রযোজ্য ক্ষেত্রে উপ-সূচি জারি করবেন।
- ৩। গম পরিবহন, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভূত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ তুরিং খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন।
- ৬। ডি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্তৃকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। সূচির মেয়াদ আগামী ২২/১০/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো।



(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.১৬.৭১৯/২(৮)

তারিখঃ ১০/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। পরিচালক, হিসাব ও অর্থ/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। প্রধান মিলার, সরকারি ময়দাকল, পোস্তগোলা, ঢাকা।


৫। সিস্টেম এমালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।



উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ

  
২০১০/১৭